**নওগাঁ জেলার আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর জুলাই /২০২৩মাসের জেলা পর্যায়ের কর্মসূচি সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : দিলীপ কুমার সরকার, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নওগাঁ।
সভার স্থান : কারিতাস বাংলাদেশ সংস্থার নওগাঁ জেলা কার্যালয়, আমানা গ্রীনসিটি, কোমাইগাড়ী, নওগাঁ।
তারিখ : ৩১/০৭/২০২৩ খ্রিঃ
সময় : বেলা ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ পরিশিষ্ট– "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর সভাপতি চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি(পিইডিপি-৪) এর সাব-কম্পোনেন্ট ২.৫ আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম চলমান রাখা সংক্রান্ত লিড বাস্তবায়ন সহায়ক সংস্থার চেয়ারম্যান/নির্বাহী পরিচালকগণের উদ্দেশ্যে লিখিত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের ২৬/০৬/২০২৩ তারিখের স্মারক নং-৩৮.০০.০০০০.৩০৪.১৪.৪৪৮(অংশ-৩).২২-১৫৩ পত্রটি সভায় পাঠ করে শোনান এবং সে মোতাবেক কার্যক্রম চলমান রাখার জন্য লিড বাস্তবায়ন সহায়ক সংস্থাকে অনুরোধ জানান। তিনি জানান যে, এই কর্মসূচিটি গত ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল, যা বর্তমানে ২০২৫ সালের ৩০ জুন পর্যন্ত বর্ধিতকরণের প্রক্রিয়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে চলমান রয়েছে মর্মে উক্ত পত্রে উল্লেখ রয়েছে।

এরপর সভাপতির অনুমতিক্রমে বাস্তবায়ন সহায়ক সংস্থা (আইএসএ) কারিতাস বাংলাদেশ এর আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর হেড অব প্রোগ্রাম জনাব রকি কোড়াইয়া এবং জেলা প্রোগ্রাম ম্যানেজার জনাব আবুল বাশার মোল্লা মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন' কর্মসূচির উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান, শিখন উপকরণ সরবরাহ, বিভিন্ন কমিটির সভার আয়োজন, বিদ্যালয় মনিটরিং সংক্রান্ত তথ্যাদিসহ অগ্রগতি ও সমস্যাদি বিষয়ে সভায় বিস্তারিত উপস্থাপন করেন এবং মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যাসমূহ দ্রুত নিরসনের প্রত্যয় ব্যক্ত করেন। এরপর ডিপিএম ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজারগণ তাঁদের মতামত তুলে ধরেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **শিক্ষার্থী প্রোফাইল ও অনলাইনে এন্ট্রিকৃত ডাটা সংক্রান্ত:** শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইনে এন্ট্রিকৃত ডাটা সংশোধনপূর্বক দাখিল সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে জেলা প্রোগ্রাম ম্যানেজার ও উপস্থিত উপজেলা প্রোগ্রাম ম্যানেজারগণ জানান, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর টিএটিএ টিমের আইসিটি স্পেশালিষ্টের নিকট থেকে প্রাপ্ত ডাটা সংশোধনপূর্বক টিএটিএ টিমের আইসিটি স্পেশালিষ্টের নিকট প্রেরণ করা হয়েছে। তাছাড়াও নগদের মাধ্যমে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নির্দেশিত তথ্যও আপলোড করে হালনাগাদ করা হয়েছে মর্মে উপস্থিত সকলে সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১ শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইনের মাধ্যমে নওগাঁ জেলা হতে প্রেরিত সংশোধিত তথ্যাদির বিষয়ে কোন সমস্যা উদ্ভূত হলে তা সমাধানে জেলা প্রোগ্রাম ম্যানেজার, নওগাঁ, বিএনএফইর এমআইএস শাখা এবং আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর টিএটিএ টিমের আইসিটি স্পেশালিষ্টের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন।<br>(২) আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপজেলাওয়ারী শিক্ষার্থীর সংখ্যা, উপবৃত্তি প্রাপ্তির সংখ্যা, উপবৃত্তি না পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ইত্যাদির তথ্য জেউশিব্যু, নওগাঁর দপ্তরে প্রেরণ করতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল) |
| ২। **বিভিন্ন পর্যায়ের কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত :** সহকারী পরিচালক, জেউশিব্যু, নওগাঁ বাস্তবায়ন নির্দেশিকার আলোকে বিভিন্ন পর্যায়ের কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চাইলে–এসপিএম,ডিপিএম ও উপস্থিত ইউপিএমগণ জানান নির্ধারিত সভাগুলো আয়োজন করা হচ্ছে। | (১) উপজেলা আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির (দ্বি–মাসিক) কমিটির সভা, উপজেলা কর্মসূচি মাসিক সমন্বয় সভা, বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভা (দ্বি–মাসিক ) ও অভিভাবক সভার (ত্রৈমাসিক সভা) কার্যবিবরণী, হাজিরা জেউশিব্যু, নওগাঁর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল) |
| **৩। উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের ঘর সংক্রান্ত:** জেলা প্রোগ্রাম ম্যানেজার এবং উপজেলা প্রোগ্রাম ম্যানেজারগণ, একাউন্টস ম্যানেজার জানান, প্রতিটি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের ঘর মালিকের ব্যাংক একাউন্টে ট্রান্সফারের মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরের জুন ২০২৩ মাস পর্যন্ত সময়ের ঘরভাড়া পরিশোধ করা হয়েছে। | (১) উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের ঘর মালিকের ব্যাংক একাউন্টে ট্রান্সফারের মাধ্যমে ঘরভাড়া পরিশোধের তথ্য (সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার কর্তৃক প্রত্যায়িত তালিকার কপি) জেউশিব্যু, চাঁপাইনবাবগঞ্জ এর দপ্তরে দাখিল অব্যাহত রাখতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ(সংশ্লিষ্ট সকল)। |
| ৪। **শিখন উপকরণ/মালামাল বিতরণ ও তার ব্যবহার নিশ্চিতরণ, সংক্রান্ত :** সহকারী পরিচালক, জেউশিব্যু, নওগাঁ সভায় উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের ২য় পর্বের শিখন উপকরণ/মালামাল (পোশাক, ব্যাগসহ) বিতরণ বিষয়ে জানতে চাইলে জেলা প্রোগ্রাম ম্যানেজার ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজারগণ জানান, ২য় পর্বের শিখন উপকরণ/মালামাল (পোশাক, ব্যাগসহ) নির্দেশনা মোতাবেক বিতরণ সম্পন্ন হয়েছে। | ১) সরবরাহকৃত শিখন উপকরণ/ মালামাল বিতরণের প্রমানক/তালিকা জেউশিব্যু, নওগাঁর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(২) কোন উপকরণ/মালামাল কোন শিখন কেন্দ্রে বিতরণ না করার কোন অভিযোগ পাওয়া গেলে তা যাচাই অন্তে উক্ত উপকরণ/মালামালের বিপরীতে সরকারী আর্থিক বিধিবিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | নির্বাহী পরিচালক, কারিতাস বাংলাদেশ/ডিপিইউপি/ এসডিআই, ঢাকা/ আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, রাজশাহী/ হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ। |

| | | |
|---|---|---|
| **৫। বিদ্যালয়ে পাঠদান ও হাজিরা সংক্রান্তঃ** সভাপতি এক্সলারেটেড মডেল সিলেবাস অনুসরণপূর্বক পাঠ পরিকল্পনা অনুযায়ী বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম নিশ্চিতকরণের উপর গুরুত্ব আরোপ করেন। বিদ্যালয় পরিদর্শনকালে সংশ্লিষ্ট সকলকে পাঠ পরিকল্পনা অনুযায়ী পাঠদান করা হচ্ছে কিনা তা যাচাইপূর্বক নিশ্চিতের আহবান জানান। তিনি সভায় জুন ২০২৩ মাসের শিক্ষার্থীদের মাসিক হাজিরা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | (১) এক্সিলারেটেড মডেল অনুসরণপূর্বক পাঠ পরিকল্পনা অনুযায়ী বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>(২) বিদ্যালয়ে শিক্ষার্থী হাজিরা নিশ্চিত করে হাজিরা প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে জেউশিব্যু, নওগাঁ এর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল)। |
| **৬। বিভিন্ন দিবস উদযাপন সংক্রান্ত :** বিভিন্ন জাতীয় দিবস জেলা ও উপজেলা প্রশাসনের সাথে এবং প্রতিটি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপনপূর্বক তার ছবি ও প্রতিবেদন জেউশিব্যু, নওগাঁর দপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে জেলা প্রোগ্রাম ম্যানেজার ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজারগণ সভাকে অবহিত করেন। | (১) নির্ধারিত প্রতিটি জাতীয় ও আন্তর্জাতিক দিবস জেলা ও উপজেলা প্রশাসনের সাথে এবং আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে পালনপূর্বক তার ছবি এবং প্রতিবেদন যথাসময়ে জেউশিব্যু, নওগাঁতে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনি:)/ ডিপিএম/ইউপিএম, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল)। |
| **৭. অফিস সংক্রান্ত:** আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর জেলা ও উপজেলা অফিসসমূহ কার্যক্রমের তথ্য দিয়ে সুসজ্জিত করা হয়েছে মর্মে সভায় যোগদানকারী সকলে অবহিত করেন। সভাপতি জেলা ও উপজেলা অফিস এর ঘর মালিককে ঘরভাড়া ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | (১) আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর জেলা ও উপজেলা অফিস এর ঘর মালিককে ঘরভাড়া ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক জেউশিব্যু, নওগাঁতে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক, কারিতাসবাংলাদেশ/ ডিপিইউপি/ এসডিআই, ঢাকা/ আঞ্চলিক পরিচালক,কারিতাস বাংলাদেশ, রাজশাহী। ডিপিএম/ইউপিএম, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, নওগাঁ। |
| **৮. মনিটরিং ও মূল্যায়ন** সভাপতি সভায় জুন ২০২৩ মাসের মাসিক মনিটরিং প্রতিবেদন উপস্থাপনপূর্বক বিস্তারিত আলোচনা করেন এবং বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। | (১) আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নির্ধারিত প্রমাপ অনুযায়ী উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন/মনিটরিং অন্তে প্রতিবেদন জেউশিব্যু, নওগাঁ এর দপ্তরসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করতে হবে। | হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার/ উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ । |
| **৯. অর্থ সংক্রান্ত:** কর্মসূচির বিল ভাউচারাদি দাখিলের সাথে বরাদ্দ পত্রের শর্তানুযায়ী প্রত্যয়নপত্র, ব্যাংক স্টেটমেন্ট ইত্যাদি বিল ভাউচারাদির সাথে দাখিল অব্যাহত রাখতে হবে। বাস্তবায়ন সহায়ক সংস্থা (লিড এনজিও) জেউশিব্যু,নওগাঁ থেকে চেক পাওয়ার অনধিক ০৩(তিন) দিনের মধ্যে পার্টনার এনজিওর নিকট চেক হস্তান্তর করে সহকারী পরিচালক, জেউশিব্যু, নওগাঁকে পত্রের মাধ্যমে অবহিত করার নির্দেশনা থাকলেও তার ব্যত্যয় পরিলক্ষিত হয়। এ বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ প্রদানসহ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন, অফিস ভাড়া, তার কপি/সত্যায়িত প্রতিবেদন জেউশিব্যু, নওগাঁর দপ্তরে প্রেরণ নিশ্চিত এবং ব্যয়ের ক্ষেত্রে বিএনএফইর নির্দেশনা অনুসরণ করতে হবে।<br>(২) প্রোগ্রাম সুপারভাইজার, শিক্ষক/শিক্ষিকার বেতন, শিখন কেন্দ্রের ঘর মালিকের ঘরভাড়ার প্রদানের ব্যাংক ট্রান্সফার/ একাউন্ট পেয়ী ক্রসড চেকের মাধ্যমে নির্বাহের কপি/সত্যায়িত প্রতিবেদন জেউশিব্যু, নওগাঁ এর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক, কারিতাস বাংলাদেশ/ ডিপিইউপি/ এসডিআই, ঢাকা/ আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, রাজশাহী/ হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ ডিপিএম/ ইউপিএম, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল)। |
| **১০: স্বতন্ত্র যাচাইকারী সংস্থা (IVA) সংক্রান্ত:** জেলা ও উপজেলা ভ্যালিডেশন কমিটির সভা শেষে ভ্যালিডেশন প্রতিবেদন মহাপরিচালক (অতিরিক্ত সচিব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো মহোদয় বরাবরে প্রেরণে জেলা ও উপজেলা ভ্যালিডেশন কমিটিকে যাবতীয় তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখার জন্য সভাপতি বাস্তবায়ন সহায়ক সংস্থাকে অনুরোধ জানান। | (১) জেলা এবং উপজেলা ভ্যালিডেশন কমিটির সাথে নিবিড় যোগাযোগ রক্ষাপূর্বক যাবতীয় তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।<br>(২) সভার নোটিশ, হাজিরা এবং কার্যবিবরণী জেউশিব্যু, নওগাঁ এর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক, কারিতাস বাংলাদেশ/ ডিপিইউপি/ এসডিআই, ঢাকা/ আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, রাজশাহী। |

| | | |
|---|---|---|
| **১১. বিবিধ:** আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর শিখন কেন্দ্রে শিক্ষার্থীদের পোষাক, ব্যাগ ও আইডি কার্ডসহ উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভাবে অনুরোধ জানান। | আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর শিখন কেন্দ্রে শিক্ষার্থীদের পোষাক, ব্যাগ ও আইডি কার্ডসহ উপস্থিতি নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক, কারিতাস বাংলাদেশ/ ডিপিইউপি/ এসডিআই, ঢাকা/ আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, রাজশাহী/ হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ ডিপিএম/ ইউপিএম, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ (সংশ্লিষ্ট সকল)। |

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানীত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(দিলীপ কুমার সরকার)
সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
ও
সভাপতি
জেলা পর্যায়ের কর্মসূচি সমন্বয় সভা
আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম,
নওগাঁ।
ফোন: ০২৫৮৮৮২৭১৩
adnaogaon@bnfe.gov.bd

গণপজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
জেলা প্রশাসক ভবন,নওগাঁ।

স্মারক নং- ৩৮.০২.৬৪০০.৩৪৫.১৪.০১৩.২১-২৫১ তারিখ: ০১ আগস্ট ২০২৩ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ–

১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর/ রাণীনগর/ মান্দা/ নিয়ামতপুর/ পোরশা/ সাপাহার/ পত্নীতলা/ ধামইরহাট/ মহাদেবপুর/বদলগাছী,নওগাঁ।
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার, নওগাঁ ( সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
৫। উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর/ রাণীনগর/ মান্দা/ নিয়ামতপুর/ পোরশা/ সাপাহার/ পত্নীতলা/ ধামইরহাট/ মহাদেবপুর/বদলগাছী, নওগাঁ ।
৬। নির্বাহী পরিচালক,কারিতাস বাংলাদেশ, ঢাকা/দিনাজপুর পল্লী উন্নয়ন প্রচেষ্টা, দিনাজপুর/ সেলফ ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভ,ঢাকা।
৭। আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, রাজশাহী।
৮। হেড অব প্রোগ্রাম/ সিনিয়র প্রোগাম ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার (মনিটরিং)/ জেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, কারিতাস বাংলাদেশ, নওগাঁ।
৯। উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম, ------------সংস্থা, নওগাঁ সদর/ রাণীনগর/ মান্দা/ নিয়ামতপুর/পোরশা/সাপাহার/ পত্নীতলা/ ধামইরহাট/ মহাদেবপুর/বদলগাছী,নওগাঁ।
১০। --------------------------------------------------------------------------------------------------------------------- নওগাঁ।
১১। অফিস কপি।

(দিলীপ কুমার সরকার)
সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
নওগাঁ।
ফোন: ০২৫৮৮৮২৭১৩
adnaogaon@bnfe.gov.bd